

**“Establishment of 160 Upazila ICT Training and Resource Center
for Education (UITRCE) Phase-2” প্রকল্প অনুমোদন।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী এবং জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির চেয়ারপারসন শেখ হাসিনা এর সভাপতিত্বে ০৯ জানুয়ারি ২০১৮ মঙ্গলবার দুপুর ১২.০০ টায় শেরে বাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় “Establishment of 160 Upazila ICT Training and Resource Center for Education (UITRCE) Phase-2” প্রকল্পটি অনুমোদন হয়। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় ব্যানবেইস এ প্রকল্প বাস্তবায়ন করবে। প্রকল্পের প্রাক্কলিত মোট ব্যয় ৮৪৫৪২.৫৬ লক্ষ টাকা, জিওবি ২৫২৪৫.৪০ লক্ষ টাকা, প্রকল্প সাহায্য ৫৯২৯৭.১৬ লক্ষ টাকা (৭৬.০২২ মিলিয়ন ইউএস ডলার)। কোরিয়া সরকারের EDCF এর আওতায় কোরিয়া Exim Bank ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন হবে। দ্বিতীয় পর্যায়ের এ প্রকল্পের অধীন ১৬০টি উপজেলায় UITRCE নির্মাণ করা হবে। এতে প্রায় দুই লক্ষ শিক্ষককে ICT বিষয়ে প্রশিক্ষণ প্রদানসহ তৃণমূলে ইন্টারনেট সেবা প্রদান করা হবে। ১ম পর্যায় ১২৫টি উপজেলায় UITRCE স্থাপিত হয়েছে। পরবর্তীতে ৩য় পর্যায় অবশিষ্ট ২০৭টি উপজেলায় UITRCE স্থাপন করা হবে। এর ফলে বর্তমান সরকারের ঘোষিত ভিশন ২০২১ ও ২০৪১ বাস্তবায়ন আরো এগিয়ে যাবে। উক্ত সভায় মাননীয় শিক্ষামন্ত্রী জনাব মোঃ নূরুল ইসলাম নাহিদ, এমপি এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব মোঃ সোহরাব হোসাইন অংশগ্রহণ করেন।